



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের নবীনবরণ-২০১৮ অনুষ্ঠিত



২৮ ফেব্রুয়ারি ২০১৮, বুধবার, সকাল- ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে ১২তম এবং ১৩ তম ব্যাচের নবীনবরণ-২০১৮এর অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনাতনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুজ্জামান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর। এছাড়াও নবীনবরণ কমিটির আহবায়ক ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক মোঃ মহিউদ্দিন এবং শিক্ষক সমিতির সভাপতি ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামানসহ বিভাগীয় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।